

স্মারক নম্বর: ৩৩.০১.০০০০.০০০.১১০.৫৩.০০০৭.২৩.১২৬৯

তারিখ: ১৯ শ্রাবণ ১৪৩২ বঙ্গাব্দ
০৩ আগস্ট ২০২৫ খ্রিস্টাব্দ

বিষয়: শহর এগ্রো কর্পোরেশন-কে সুদান হতে ৭,০০০ কেজি মহিষের শিং আমদানির অনুমতি প্রদান প্রসঙ্গে।

সূত্র: শহর এগ্রো কর্পোরেশন, বাটারাকান্দি, ইটাভাড়া, কেরানীগঞ্জ মডেল থানা, ঢাকা এর ২৬/০৬/২০২৫ তারিখের আবেদন।


উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, শহর এগ্রো কর্পোরেশন কর্তৃক সুদান হতে ৭,০০০ কেজি মহিষের শিং আমদানির জন্য আবেদন করেছেন। সে প্রেক্ষিতে আমদানী নীতি আদেশ ২০২১-২০২৪ এর অনুচ্ছেদ ২৫ (২৯), পশু ও পশুজাত পণ্য সংনিরোধ আইন-২০০৫ অনুসরণ পূর্বক নিম্নে বর্ণিত শর্তসাপেক্ষে সুদান হতে ৭,০০০ কেজি মহিষের শিং আমদানি করার জন্য অনুমতি প্রদান করা হলো (Invoice No: 02/2025 Date: 05/06/2025):

শর্তাবলী:

- ০১। WOHG Guideline এবং বাংলাদেশ Animal Disease Act-2005 & Animal Disease Rule-2008 অনুযায়ী আমদানীতব্য মহিষের শিং *Bacillus anthracis* (Anthrax), *Mycobacterium spp.* (Tuberculosis), FMD virus, *E. Coli*, *Salmonella spp.*, *Bovine Spongiform Encephalopathy* (BSE) সহ অন্যান্য সকল সংক্রামক রোগ মুক্ত মর্মে রপ্তানিকারক দেশের উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত Veterinary Health Certificate আমদানিকালীন সময়ে কোয়ারেন্টাইন স্টেশনে দাখিল করতে হবে।
- ০২। আমদানী সংক্রান্ত সকল বিধিবিধান অনুসরণ করতে হবে।
- ০৪। আমদানিকৃত মহিষের শিং আমদানির পর কোথায় ব্যবহৃত হচ্ছে তার একটি পূর্ণাঙ্গ প্রতিবেদন মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর বরাবর দাখিল করতে হবে।
- ০৫। আমদানিকৃত মহিষের শিং হতে উৎপাদিত পণ্য শুধুমাত্র রপ্তানি করা যাবে। কোনো ভাবেই আমদানিকারক দেশে ব্যবহার করা যাবে না।
- ০৬। আমদানীতব্য মহিষের শিং দেশে পৌঁছার কমপক্ষে ৭দিন পূর্বে প্রাণিসম্পদ কোয়ারেন্টাইন স্টেশন, কাস্টমস হাউজ, চট্টগ্রাম সমুদ্র বন্দর, চট্টগ্রাম-কে অবহিত করতে হবে।
- ০৭। সরকারের বিদ্যমান আইনের ব্যত্যয় ঘটলে আমদানির অনুমতি পত্র বাতিল বলে গণ্য হবে, ভবিষ্যতে আমদানি কারকের যে কোন আবেদন অযোগ্য বলে বিবেচিত হবে এবং বিধি মোতাবেক যথাযথ ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ০৮। কর্তৃপক্ষ জনস্বার্থে যে কোন সময় এ আদেশ স্থগিত/বাতিল করার পূর্ণক্ষমতা সংরক্ষণ করেন।
- ০৯। উক্ত আমদানি অনুমতি পত্রের মেয়াদ ইস্যুর তারিখ থেকে পরবর্তী ০৬ (ছয়) মাস পর্যন্ত বলবৎ থাকবে।

সকল সংযুক্তিসমূহ:

- (১) সংযুক্তি



০৩-০৮-২০২৫
ডাঃ সাখাওয়াত হোসেন
উপপরিচালক

শহর এগ্রো কর্পোরেশন

বাটারাকান্দি, ইটাভাড়া, কেরানীগঞ্জ মডেল থানা, ঢাকা।

স্মারক নম্বর: ৩৩.০১.০০০০.০০০.১১০.৫৩.০০০৭.২৩.১২৬৯/১ (৫)

তারিখ: ১৯ শ্রাবণ ১৪৩২ বঙ্গাব্দ
০৩ আগস্ট ২০২৫ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, রাজস্ব ভবন, প্লট- এফ ১/এ, আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা।
- ২। কমিশনার, কাস্টমস হাউজ, চট্টগ্রাম সমুদ্র বন্দর, চট্টগ্রাম।
- ৩। জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা (লীড, ডেপুটেশন এন্ড ট্রেনিং রিজার্ভ পদ), ইনফরমেশন এন্ড আইটি শাখা, প্রাণিসম্পদ অধিদপ্তর।
- ৪। অফিসার-ইন-চার্জ, প্রাণিসম্পদ কোয়ারেন্টাইন স্টেশন, কাস্টমস হাউজ, চট্টগ্রাম সমুদ্র বন্দর, চট্টগ্রাম।
- ৫। অফিস কপি, ।



০৩-০৮-২০২৫
ডাঃ সাখাওয়াত হোসেন
উপপরিচালক